কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১৮- ৬২

তারিখঃ ০৯/১১/১৪২৭ বঙ্গাব্দ
২২/০২/২০২১ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের ফেব্রুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় Zoom Platform এ মাসিক সমন্বয় সভা (অনলাইন সভা) অনুষ্ঠিত হবে। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় উক্ত সভায় সভাপতিত্ব করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রয়োজনীয় তথ্যাদিসহ সভায় উপস্থিত/সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। Zoom Platform এ লগ ইন করার জন্য Meeting ID: 849 1655 7224 Password: 293872.

**সভার আলোচ্যসূচিঃ**

১। গত ২৮/১২/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। গত ২৮/১২/২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনা।
৩। বিবিধ।

২২/০২/২০২১
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১
e-mail: chakladerbau@gmail.com

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৪। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬। উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৭। আঞ্চলিক ব্যবস্থাপক (শেরপুর, মাগুরা ও রংপুর), কৃষি বিপণন অধিদপ্তর।
৮। সহকারী পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
৯। সহকারী পরিচালক, প্রশিক্ষণ (সকল), কৃষি বিপণন অধিদপ্তর।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সমন্বয় সভার নোটিশ ও কার্যপত্র ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সভায় উপস্থিত সদস্যদের আপ্যায়নের ব্যবস্থার অনুরোধসহ)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

## কৃষি বিপণন অধিদপ্তরের ফেব্রুয়ারি, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রঃ

আলোচ্যসূচি-১ : ২৮ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২৮ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ০৫ জানুয়ারি, ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনের জন্য লিখিত কোনো প্রস্তাব পাওয়া যায় নি।

আলোচ্যসূচি-২ : ২৮ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২.১ | বাজার সংযোগ শাখা (বাজারদর পর্যালোচনা): | ১: ক) কৃষক বিপণন দল (FMG) বিষয়ক আলাদা মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী পণ্য ভিত্তিক ১০ জনের FMG গ্রুপ গঠন করে আগামী ১০ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে চূড়ান্ত করতে হবে। এ ছাড়া ময়মনসিংহ বিভাগের অবশিষ্ট জেলার তথ্য আবশ্যিকভাবে জানুয়ারি/২০২০ মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং আগামী সমন্বয় সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)। ইশরাত জাহান (সহকারী পরিচালক) এসএমও/এডি/এএম ও/ডিএমও/ডিএমআ ই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | ক) সিদ্ধান্ত বাস্তবায়নে সব বিভাগের জেলা অফিস হতে পণ্য ভিত্তিক ১০ জনের FMG গ্রুপ গঠন করে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। তাছাড়া প্রতিটি জেলা অফিসে রেজিস্টার/ফাইল/ অনলাইন কপি সংরক্ষণ করতে নির্দেশনা দেয়া হয়েছে। |
| | | (খ) বৃদ্ধি প্রাপ্ত কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপপরিচালকগণ মনিটরিং কার্যক্রম জোরদার করবেন ও সে লক্ষ্যে প্রয়োজনে মোবাইল কোর্ট কার্যক্রম আরও বাড়াবেন। | উপপরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এ ডি/এএমও/ডিএমও/ ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত (সকল) | খ) বৃদ্ধিপ্রাপ্ত কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে বিভাগীয় উপপরিচালকগণ মনিটরিং কার্যক্রম জোরদার করেছেন ও সে লক্ষ্যে মোবাইল কোর্ট কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। |
| | | (গ) কৃষি পণ্য পরিবহন নির্বিঘ্ন রাখতে | উপপরিচালক (বাজার সংযোগ) | গ) এ বিষয়ে সকল বিভাগ হতে আইন |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (BIWTA, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও অন্যান্য সংস্থা) বরাবর চিঠি প্রেরণ করতে হবে এবং মহাপরিচালক বরাবর পত্রের কপি প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত (সকল) | শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বরাবর চিঠি প্রেরণ করা হয়েছে। বিস্তারিত অগ্রগতি বিষয়ে বিভাগীয় উপপরিচালক ও উপপরিচালক (বাজার সংযোগ) সভায় আলোচনা করতে পারেন। |
| ২.২ | গবেষণা শাখা | (ক) বর্তমানে বাজারে বিদ্যমান বিভিন্ন সবজি, মশলা বা অন্যান্য কৃষি পণ্যের (যেমনঃ আলু, কাঁচা মরিচ, পিঁয়াজ, পটল, ঢেঁড়স, বেগুন, করলা, ঝিঙা, মিষ্টি কুমড়া, বরবটি, লাউ, কাঁকরোল, টমেটো, শসা, কচু, পেঁপে, চাল কুমড়া, বাঁধা কপি, ফুল কপি, গাজর, শিম, কাঁচা কলা ইত্যাদি) উৎপাদন খরচ ও কৃষকপ্রাপ্ত বাজারদরের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)। উপপরিচালক (গবেষণা) এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | (ক) ১৩টি ফসলের উৎপাদন খরচ নির্ণয় করে মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হয়েছে। পরবর্তীতে উৎপাদন খরচের সাথে কৃষক প্রাপ্ত বাজারদরের তুলনামূলক প্রতিবেদন উপস্থাপন করা হবে। |
| | | খ) যে সব জেলায় কৃষি পণ্য বেশি উৎপাদন হয় সে সব জেলার পণ্য ভিত্তিক উৎপাদনের প্রকৃত তথ্য জানার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) মাঠ পর্যায়ের কর্মকর্তার সাথে যোগাযোগ করে সঠিক তথ্য গবেষণা শাখার মাধ্যমে মহাপরিচালক বরাবর প্রতিবেদনাকারে প্রেরণ করতে হবে এবং আগামী সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (গবেষণা) বিভাগীয় উপপরিচালক (সকল)। এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | (খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে যা মহাপরিচালক বরাবর ১৩/১২/২০২০ তারিখে উপস্থাপন করা হয়েছে। |
| | | গ) আলু রপ্তানীর উপর একটি বিস্তারিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ | মোঃ রশিদুল ইসলাম সহকারী পরিচালক | গ) আলু রপ্তানীর উপর একটি বিস্তারিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | করতে হবে এবং আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | | করা হয়েছে। সমন্বয় সভায় এ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করা হবে **(পরিশিষ্ট-ক)।** |
| | | ঘ) ঘাটতি জেলাসমূহে কোন জেলা হতে কোন কোন কৃষি পণ্য আসছে তার বিস্তারিত প্রতিবেদন (পণ্যের নাম, পরিমাণ, পাইকার ও আড়তদারের নাম এবং মোবাইল নম্বরসহ) মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। সে অনুযায়ী প্রাপ্ত তথ্য compile পূর্বক পরবর্তী সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (গবেষণা)/ বিভাগীয় উপপরিচালক (সকল)/ এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | (ঘ) জেলা/বিভাগ হতে প্রাপ্তি সাপেক্ষে উপস্থাপন করা হবে। |
| | | ঙ) যে সব জেলায় আলুর হিমাগার রয়েছে সে সব জেলার হিমাগারের তালিকা (নাম, ঠিকানা, ধারণ ক্ষমতা ইত্যাদিসহ) প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয় হতে প্রেরিতব্য ফর্মে জানুয়ারি/২০২১ মাস থেকে আলুর (বীজ ও খাবার আলু আলাদা আলাদা) মজুদ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। তথ্য সরবরাহের জন্য গবেষণা শাখা হতে হিমাগারের তালিকা এবং মজুদ সংক্রান্ত তথ্যের ফরম্যাট এবং প্রতিমাসে সমন্বয় সভায় হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (গবেষণা) বিভাগীয় উপপরিচালক (সকল)এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | (ঙ) ছক চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২.৩ | নীতি ও পরিকল্পনা শাখা | ক) টমেটো সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও | বিভাগীয় উপপরিচালক, | ক) রংপুর অঞ্চলের টমেটো সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়নে অতিদ্রুত রংপুর অঞ্চলের জন্য একটি কর্মসূচি প্রণয়নে পিপিএনবি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | রংপুর। | ব্যবস্থার উন্নয়নে কর্মসূচি প্রস্তুতের কাজ চলমান রয়েছে। যা মার্চ/২০২১ মাসের মধ্যে নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরণ করা হবে। |
| | | খ) মিষ্টি কুমড়া সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়নে অতিদ্রুত রংপুর অঞ্চলের জন্য একটি কর্মসূচি প্রণয়নে পিপিএনবি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপপরিচালক, রংপুর। | খ) রংপুর অঞ্চলের জন্য মিষ্টি কুমড়ার কর্মসূচি প্রস্তুত পূর্বক মার্চ/২০২১ মাসের মধ্যে দাখিল করা হবে। |
| | | গ) একইভাবে বিভিন্ন জেলার পণ্যভিত্তিক বিপণন ব্যবস্থা উন্নয়নে কর্মসূচি/প্রকল্প গ্রহণ করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা/ বিভাগীয় উপপরিচালক (সকল)/এসএমও/ডিএমও/ এমআই | গ) কৃষি পণ্য বিপণনে কি কি সমস্যা রয়েছে এবং তা সমাধানের সম্ভাব্য উপায় লিখিতভাবে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য জেলা পর্যায়ে ই-নথির মাধ্যমে ১৯-০১-২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ২.৪ | **আরইটিসি শাখা** | (ক) লাইসেন্সের হালনাগাদ তালিকা প্রণয়ন আরও সহজতর করার জন্য পূর্বের ফরমেট পরিহার পূর্বক ইতোমধ্যে সম্পন্ন ফার্মারস্ মার্কেটিং গ্রুপ (FMG) এর ন্যায় অনলাইন এন্ট্রি করার জন্য সদর দপ্তর হতে একটি সম্পূর্ণ ফরমেট প্রস্তুত করতঃ তার একটি লিংক সকল জেলায় প্রেরণ করতে হবে। উক্ত ফরমেট অনুযায়ী আগামী ১৫/০২/২০২১ তারিখের মধ্যে জেলাসমূহ হতে লাইসেন্সের হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। | উপপরিচালক (আরইটিসি), সহকারী পরিচালক (সম্প্রসারণ ও রেগুলেশন/ সহকারী পরিচালক (সিস্টেম এ্যাডমিন) আইসিটি শাখা | ক) এতদ্‌বিষয়ে DAM Officials নামে কৃষি বিপণন অধিদপ্তরের অভ্যন্তরীণ যোগাযোগ গ্রুপে ফরমেটসহ একটি লিংক প্রদান করা হয়েছে। |
| | | খ) মহাপরিচালক মহোদয় কর্তৃক গত ২৬/০২/২০১৯ তারিখের স্মারক নম্বর ১২.০২.০০০০.০০৩.০১.০০২.১৬.৯৮ | উপপরিচালক (আরইটিসি) বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) লাইসেন্সের রেজিষ্টার মেইনটেইনের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | এর মাধ্যমে প্রেরিত ছক অনুযায়ী লাইসেন্সের রেজিষ্টার মেইনটেইনের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রেরিত পত্রের নির্দিষ্ট ছক অনুযায়ী রেজিষ্টার মেইনটেইন এর বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালকগণ মনিটরিং করবেন। | | |
| | | গ) বীজ ডিলারগণকে কৃষি বিপণন অধিদপ্তরের লাইসেন্স প্রদানে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (আরইটিসি), বিভাগীয় উপপরিচালক (সকল) | গ) বীজ ডিলারগণকে কৃষি বিপণন অধিদপ্তরের লাইসেন্স প্রদানে জেলা কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | ঘ) জেলার বিদ্যমান প্রজ্ঞাপিত বাজার ছাড়াও প্রজ্ঞাপিত ঘোষণা করার উপযোগী নতুন নতুন বাজারের প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। জেলাসমূহে নতুন করে প্রজ্ঞাপিত করার উপযোগী বাজার থাকলে জেলা কর্মকর্তা কর্তৃক উক্ত বাজারসমূহের প্রস্তাব সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার মতামত গ্রহণপূর্বক জেলা প্রশাসক ও সভাপতি জেলা বাজার উপদেষ্টা কমিটির সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপপরিচালক (আরইটিসি), বিভাগীয় উপপরিচালক (সকল) | ঘ) এতদ্‌বিষয়ে একটি পত্র সকল বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| | | ঙ) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ন্যায় কৃষি বিপণন আইন, ২০১৮ অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক যেন জরিমানা করতে পারে সে বিষয়ে | উপপরিচালক (আরইটিসি), সহকারী পরিচালক (প্রশাসন) | ঙ) এ বিষয়ে আইন সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | আইন সংশোধনের উদ্যোগ নিতে হবে। যদি অন্য কোনো গুরুত্বপূর্ণ বিষয় সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করার প্রয়োজন হয় তাহলে সে বিষয়ে উদ্যোগ গ্রহণের নিমিত্ত একটি কমিটি গঠন করতে হবে। | | |
| ২.৫ | গুদাম ব্যবস্থাপনা শাখা | ক) ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী আঞ্চলিক কার্যালয়সমূহের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে গুদামে শস্য জমার পরিমাণ বৃদ্ধি ও কৃষক অংশ গ্রহণ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক/মাঠ কর্মকর্তা | (ক) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/মাগুরা ও মাঠ কর্মকর্তা, বরিশাল বরাবর ০৮-১২-২০২০ তারিখের ৭৫ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, ২য় ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| | | খ) বাতিলকৃত অবশিষ্ট গুদামসমূহের সংরক্ষিত এফডিআর এবং যে সব গুদামের এফডিআর এখনও পাওয়া যায় নি সেগুলো অতিদ্রুত আপদকালীন সহায়তা ফান্ডে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)/আঞ্চলিক ব্যবস্থাপক/মাঠ কর্মকর্তা | (খ) এর পরিপ্রেক্ষিতে আঞ্চলিক ব্যবস্থাপক, রংপুর/শেরপুর/ মাগুরা বরাবর ০৭-১০-২০২০ তারিখের ৫৮ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। এতদবিষয়ে টেলিফোনিক নির্দেশনা মোতাবেক মাঠপর্যায় যোগাযোগ অব্যাহত রেখে সমস্যাসমূহ সমাধানের চেষ্টা চলছে। |
| ২.৬ | হিসাব শাখা | ক) নতুন যোগদানকৃত হিসাব রক্ষকদের বিষয়ে আলোচনায় সিদ্ধান্ত হয় যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ হিসাব রক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক | ক) নতুন যোগদানকৃত হিসাব রক্ষকদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। |
| | | খ) চাপাইনবাবগঞ্জ এবং রাজশাহী জেলা কার্যালয়ের অভ্যন্তরীণ অডিটের জবাব না পাওয়ায় এতদ্‌বিষয়ে জবাব প্রস্তুত করতঃ মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক, রাজশাহী। | খ) চাপাইনবাবগঞ্জ এবং রাজশাহী জেলা কার্যালয়ের অভ্যন্তরীণ অডিটের জবাব এখনও পাওয়া যায় নি। এ বিষয়ে বিভাগীয় উপপরিচালক, রাজশাহী সভাকে অবহিত করতে পারেন। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ২.৭ | ICT শাখা | ১: (ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল) সহকারী পরিচালক (আইসিটি) এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত(সকল) | ক) জেলা ও বিভাগীয় পর্যায় হতে কমপক্ষে ৫০% পত্র ই-ফাইলে প্রেরণ কার্যক্রম অব্যাহত আছে। |
| | | (খ) ই-ফাইলিং সফল করতে সকলকে উদ্বুদ্ধ করতে হবে। সকল জেলায় ই-ফাইলিং কার্যক্রম বাড়াতে হবে। কোনোভাবেই Ranking ১০ এর নীচে যেন না নামে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (আইসিটি) | খ) এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। |
| | | গ) শগঋক এর আঞ্চলিক ও ফিল্ড অফিসগুলোকে ই-ফাইলিং এর আওতায় আনতে হবে। | সহকারী পরিচালক (আইসিটি) | গ) কেন্দ্রীয়ভাবে নতুন অফিস সংযুক্ত বন্ধ থাকায় আপাততঃ ই-ফাইল যুক্ত করা সম্ভব হচ্ছে না। তবে এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। |
| ২.৮ | APA: কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি। | (ক) কৃষি বিপণন অধিদপ্তরের সকল বিভাগীয় এবং মাঠ পর্যায়ের কার্যালয় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক APA-এর যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে সদর দপ্তরকে অবহিত করতে হবে। | APA ফোকাল পয়েন্ট শাখা প্রধান (সকল) বিভাগীয় উপপরিচালক (সকল) প্রকল্প/কর্মসূচি পরিচালক | ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক যাবতীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | খ) APA এর লক্ষ্যমাত্রা অনুয়ায়ী সকল কার্য সম্পাদন করতে হবে। প্রতিটি কোয়ার্টারের প্রতিবেদনের প্রমাণকসহ সদর দপ্তরে যথাসময়ে প্রেরণ করতে হবে। | APA ফোকাল পয়েন্ট বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) APA এর লক্ষ্যমাত্রা অনুয়ায়ী সকল কার্য সম্পাদন করা হচ্ছে। এ ছাড়া প্রতিটি কোয়ার্টারের প্রতিবেদনের প্রমাণক সদর দপ্তরে প্রেরণ করা হচ্ছে। |
| ২.৯ | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিষ্পত্তি। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ক) এ বিষয়ে নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করবেন। |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট শাখা কর্তৃক বাস্তবায়ন অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ সদর দপ্তরে যথাসময়ে প্রেরণ করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) বিভাগীয় কার্যালয়ে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ অব্যাহত আছে। |
| ২.১০ | ইনোভেশন | ক) ইনোভেশন সংক্রান্ত আগত আইডিয়াসমূহ বাছাই পূর্বক sort list করে আইডিয়া ব্যাংক প্রস্তুত করতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। আইডিয়াসমূহ বাস্তবায়নের জন্য একটি Plan of action প্রস্তুত করে মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে এবং বাছাইকৃত আইডিয়াসমুহ হতে গুরুত্বপূর্ণ কয়েকটি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ফোকার পয়েন্ট কর্মকর্তা (ইনোভেশন) | ক) আইডিয়াসমূহ যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত করা হয়েছে। আইডিয়াসমূহ বাস্তবায়নের জন্য Plan of action প্রণয়ন করা হয়েছে। |
| ২.১১ | তথ্য অধিকার আইন। | (ক) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) | (ক) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী তথ্য প্রদান করা হচ্ছে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হচ্ছে। |
| ২.১২ | বিবিধ | ক) দেশের জেলা পর্যায়ে চালুকৃত কৃষকের বাজার কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ সরেজমিনে পরিদর্শন করছেন। পরিদর্শনের সময় জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কৃষকের বাজারের সার্বিক কার্যক্রম সুন্দরভাবে উপস্থাপনের ব্যাপারে সচেষ্ট থাকবেন। | উপপরিচালক (আরইটিসি), বিভাগীয় উপপরিচালক (সকল)। | ক) কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি দেশব্যাপী জেলা পর্যায়ে চালুকৃত কৃষকের বাজার সরেজমিনে পরিদর্শন করবেন মর্মে জারীকৃত পত্রের বিষয়ে জেলা পর্যায়ের কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান পূর্বক পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া পরিদর্শনের সময় |

| ক্রঃ নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | এতদ্‌বিষয়ে বিভাগীয় উপপরিচালকগণ সার্বিক সহযোগিতা করবেন। | | জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কৃষকের বাজারের সার্বিক কার্যক্রম সুন্দরভাবে উপস্থাপনের ব্যাপারে সচেষ্ট থাকবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | | খ) বিভাগীয় উপপরিচালকগণ প্রতিমাসে কমপক্ষে তিনটি জেলা অফিসের কার্যক্রম আবশ্যিকভাবে পরিদর্শন করবেন এবং এ সংক্রান্ত প্রমাণক (সুপারিশ/করণীয়/অবস্থার বর্ণনা ইত্যাদিসহ) মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন। | বিভাগীয় উপপরিচালক (সকল) | খ) অধীনস্ত জেলা অফিসসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান আছে এবং প্রমাণক প্রেরণ করা হচ্ছে। |
| | | গ) ওয়েবসাইটে বিভাগ ও জেলা কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর যুক্ত একটি তালিকা প্রকাশ করতে হবে। | সহকারী পরিচালক (সিস্টেম এ্যাডমিন) | গ) এ বিষয়ে একটি তালিকা প্রকাশ করা হয়েছে। |
| | | ঘ) কৃষি বিপণন অধিদপ্তরের গত ২২/১২/২০২০ তারিখের ১২.০২.০০০০.০০২.১৮.০৩৮.১২.৯৩০ সংখ্যক স্মারকের আলোকে অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয়, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলা কার্যালয়ের সাইনবোর্ড আপডেট করে এর ছবি প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ সহকারী পরিচালক (প্রশাসন) /এসএমও/এডি/এএমও/ডিএমও/ডিএমআই/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত (সকল) | ঘ) মোট ০৮ (আট)টি জেলার সাইনবোর্ড আপডেট হয়েছে এবং অবশিষ্ট জেলার সাইনবোর্ড আপডেট বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিভাগীয় উপপরিচালকগণ সভাকে অবহিত করতে পারেন। |

২২/২/২১

ইকবাল হোসেন চাকলাদার (উপ-সচিব)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১